

অথবা

কলা স্নাতকোত্তর অন্ত্যসেমেষ্টার পরীক্ষা, ২০২২

(প্রথম বর্ষ, দ্বিতীয় সেমেস্টার)

বাংলা

কোর্স : পি.জি. ২.৫৭

বাংলাদেশের ছোটগল্প

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৩০

যে কোনও তিনটি প্রশ্নের উত্তর দাও। সব প্রশ্নের মান সমান।

- ৪। আখতারজ্জামান ইলিয়াসের নির্মোহ সমাজদৃষ্টি ‘উৎসব’ গল্পের আনোয়ার আলি চরিত্রটিকে বিশিষ্টতা দিয়েছে। মধ্যবিত্তের রুচি, ভদ্রতা, শ্রেণি অবস্থান নিয়ে গল্পকারের সমালোচনা কীভাবে গল্প ও গল্পের কেন্দ্রীয় চরিত্রকে বিশিষ্টতা দিয়েছে যুক্তিসহ আলোচনা করো।  
১০

- ৫। ‘মহাকালের খাঁড়া’ গল্পে কায়েস আহমেদ পশ্চিমবঙ্গের অস্থির সময়ের ছবি কীভাবে ও কেন এঁকেছেন তা গল্প আলোচনা করে বুঝিয়ে দাও।  
১০

অথবা

- ৬। কায়েস আহমেদের গল্পগুলি ‘বন্দী দুঃসময়’কে কীভাবে ধারণা করে পাঠ্য গল্প অবলম্বনে বিশ্লেষণ করো।  
১০
- ৭। কায়েস আহমেদ ও বিপ্রদাস বড়ুয়ার গল্পে বাংলাদেশের সংখ্যালঘু মানুষের কণ্ঠস্বর কীভাবে ফুটে উঠেছে, পাঠ্য গল্প অবলম্বনে তার পরিচয় দাও।  
১০

অথবা

- ৮। ‘সুন্দর মানুষ’ আর ‘পলাতক ও অন্বেষণকারী’ গল্প দুটিতে গল্পের বিষয়বস্তু গঠন ও আখ্যান নির্মাণের ক্ষেত্রে কুকুরের ভূমিকা গুরুত্বপূর্ণ হয়ে ওঠে কেন? যুক্তিসহ তোমার মতামত দাও।  
১০

- ১। ‘আত্মজা ও একটি করবী গাছ’ গল্পে হাসান আজিজুল হক দেশভাগ পরবর্তী উদ্বাস্তু জীবনের চালচিত্রকে তুলে ধরতে চেয়েছেন। সেখানে ‘আত্মজা’ ও ‘একটি করবী গাছ’ কেন গুরুত্বপূর্ণ হয়ে ওঠে? গল্পের নামকরণের মধ্যে গল্পকার কি কোনও বিশেষ ইঙ্গিত দিতে চেয়েছেন বলে তোমার মনে হয়, যুক্তিসহ তোমার মতামত দাও।  
১০

অথবা

- ২। ‘নামহীন গোত্রহীন’ গল্পের কেন্দ্রীয় চরিত্রের কোনও নাম নেই। গল্পে যে দু’ এক জনের নাম আমরা পাই, প্রত্যক্ষ বাস্তবে আবার তাদের অস্তিত্বও নেই। চরিত্র সৃষ্টি ও আখ্যান নির্মাণের ক্ষেত্রে গল্পকারের শিল্পনৈপুণ্যের পরিচয় দাও।  
১০
- ৩। ‘শুন হে লখিন্দর’ গল্পটি আসলে ধনতান্ত্রিক ব্যবস্থায় নির্যাতিত প্রান্তিক মানুষের প্রতিবাদ ও প্রতিরোধের গল্প। সর্বহারা, প্রান্তিক মানুষদের প্রতিনিধি হিসেবে গল্পকার গুপীনাথ চরিত্রটিকে নিয়ে এসেছেন। গুপীনাথ চরিত্রটিকে সামনে রেখে গল্পকার শ্রেণিসংগ্রামের যে তত্ত্বটি এখানে তুলে ধরতে চান, গল্প অবলম্বনে তার পরিচয় দাও।  
১০